গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ,কে খন্দকার রোড
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০০৪.০১.০৪২.২০.৭৩৯ তারিখ : ২৭-১২-২০২০ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫১.০০.০০০০.৪১০.১১.০০৩.২০.৩০২, তারিখ : ১৩-১২-২০২০ খ্রি. মোতাবেক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত ৩য় শ্রেণির শূন্য পদ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে অনলাইন (Online) এ আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রঃনং | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | কোটা পূর্ণ থাকায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেডঃ ১৬<br>৯,৩০০-২২,৪৯০/-<br>(জাঃবেঃস্কেল, ২০১৫) | ১৪০ (একশত চল্লিশ) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে নিম্নলিখিত দক্ষতা থাকতে হবে :<br>(i) প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ কম্পিউটার মুদ্রাক্ষর / টাইপের গতি থাকতে হবে;<br>(ii) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | ফরিদপুর, টাঙ্গাইল, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, দিনাজপুর, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, নড়াইল, কুষ্টিয়া, বরিশাল, বরগুনা<br>(তবে এতিম ও প্রতিবন্ধী কোটার সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবে) |

**অনলাইনে আবেদন করার ক্ষেত্রে প্রার্থীদের নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে :**

০১. (ক) ১৫-১২-২০২০ খ্রি. তারিখে এসএসসি বা সমমানের পরীক্ষার সনদ অনুযায়ী প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(খ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ২ (দুই) বছর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত প্রার্থীগণ বিভাগীয় প্রার্থী হিসেবে গণ্য হবেন।

(গ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়, জেলা ও উপজেলা কার্যালয়ে চাকরিরত বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

০২. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তির ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

০৩ এ নিয়োগের ক্ষেত্রে কোটা সংরক্ষণ বিষয়ে সরকারের সর্বশেষ নির্দেশনা অনুসরণ করা হবে।

০৪. **আবেদন করার সময়সীমা :**

i. Online-এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ৩০-১২-২০২০ খ্রি. সকাল ১০:০০ টা হতে।
ii. Online-এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় : ৩০-০১-২০২১ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত।
iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোন Teletalk Pre-paid mobile থেকে এসএমএস করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

০৫. **Online এ আবেদন পত্র পূরণের নিয়মাবলী :**

(ক) প্রার্থীগণ http://ddmr.teletalk.com.bd ওয়েব সাইটে প্রবেশ করে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করে অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে পারবেন।
(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।
(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**
(ঘ) বিভাগীয় প্রার্থীদের আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে।
(ঙ) এতিম, শারীরিক প্রতিবন্ধী, বীর মুক্তিযোদ্ধার/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, বীর মুক্তিযোদ্ধার/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও আনসার ভিডিপি কোটার প্রার্থীদের প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিতে হবে।
(চ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

০৬. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে

০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকা মোট ১১২/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **উল্লেখ্য,** "**Online-এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত** Online **আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না**"।

**SMS প্রেরণের নমুনা :**

**প্রথম SMS** : DDMR<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example:*** ***DDMR ABCDEF***

*Reply:* ***Applicant's Name, Tk. 112 will be charged as application fee. Your PIN is 12345678.***

*To pay fee* ***Type DDMR<Space>Yes<Space>PIN and send to 16222.***

দ্বিতীয় SMS: DDMR<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example: DDMR YES 12345678***

*Reply:* ***Congratulations Applicant's Name, payment completed successfully for DDMR Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).***

০৭. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://ddmr.teletalk.com.bd অথবা www.ddm.gov.bd এর **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে** (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করা বাঞ্ছনীয়।**

০৮. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার স্থান বা ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙ্গিন) করে নিবেন। প্রার্থীকে এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

০৯. প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে এবং এক কপি সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ।

(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে দক্ষতার সনদ।

(গ) Word Processingসহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতার সনদ/প্রত্যয়ন পত্র।

(ঘ) চাকরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করত) জাতীয়তা সনদপত্র।

(ঙ) বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। এছাড়া বীর মুক্তিযোদ্ধার/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর সভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়ন পত্র।

(চ) প্রার্থীর (যদি থাকে) এবং তার পিতা, মাতার জাতীয় পরিচয় পত্র।

(ছ) এতিম খানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

১০. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে **DDMR**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
   Example: **DDMR HELP USER ABCDEF**

ii. PIN Number জানা থাকলে: **DDMR**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
   Example: **DDMR HELP PIN 12345678**

১১. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা ddadmin-2@ddm.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।
Mail এর subject-এ Organization Name: **DDMR** Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১২. উপরিউক্ত শর্তাবলীর যে কোন অংশ সংশোধন/সংযোজনসহ যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুসরণ করা হবে।

১৫. লিখিত/ব্যবহারিক/মৌখিক/অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

১৬. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৭. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

29.12.2020

(ড. মোঃ হাবিব উল্লাহ্ বাহার)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-২)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি

স্মারক নং-৫১.০১.০০০০.০০৪.০১.০৪২.২০.৭৩৯ তারিখ : ২৭-১২-২০২০ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। পরিচালক,.......................................(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। জেনারেল ম্যানেজার (জিএম), টেলিটক বাংলাদেশ লিমিটেড, গুলশান-১, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ে ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।]
৮। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। [বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।]
৯। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। নোটিশ বোর্ড, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১। নোটিশ বোর্ড, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

27.12.2020

(ড. মোঃ হাবিব উল্লাহ বাহার)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-২)